গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি,সিরাজগঞ্জ
belkuchi.sirajganj.gov.bd

নম্বর-০৫.৪৩.৮৮১১.০০১.৩৯.০০৯.২৬-৩৭১

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ০১ মার্চ ২০২৬ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা,২০১৫ এর ৭(২) ধারা মোতাবেক সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে মহল্লাদারের শূন্য পদের বিপরীতে সরাসরি নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নে স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | পদের নাম | শূন্যপদের সংখ্যা | ওয়ার্ড নং | বেতন | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | রাজাপুর | মহল্লাদার | ০১ | ০২ | সরকারি বিধি মোতাবেক | ১৮-৩০ বছর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | ধুকুরিয়াবেড়া | মহল্লাদার | ০১ | ০৫ | | | |

**শর্তাবলীঃ**

০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

০২। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর শারীরিক যোগ্যতা-

**পুরুষ প্রার্থীর ক্ষেত্রেঃ**

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

**মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ**

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৩। আবেদনপত্রে ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে) খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জন্ম তারিখ (ডিজিটাল জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) ছ) ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখে বয়স (ডিজিটাল জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) জ) জাতীয়তা, ঝ) ধর্ম, ঞ) শিক্ষাগত যোগ্যতা ট) অভিজ্ঞতা (যদি থাকে) তা উল্লেখপূর্বক স্বহস্তে লিখতে হবে।

০৪। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ-

ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ঘ) ডিজিটাল জন্ম নিবন্ধন সত্যায়িত অনুলিপি (ঙ) দাখিলকৃত সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে)।

০৫। আবেদন পত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি এর অনুকূলে ১০০/-(একশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৬। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ এর বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র ০২/০৩/২০২৬ খ্রিঃ তারিখ হতে ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অর্থাৎ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) পৌছাতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

০৮। আবেদনপত্রের খামের উপর প্রার্থীর পদের নাম, ওয়ার্ড ও ইউনিয়ন ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

০৯। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/-(দশ) টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫"x ১০" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১১। প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণের সময় সকল সনদপত্রের মূলকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

১২। নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন, পরিমার্জন কিংবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০১.০৩.২৬

(আফরিন জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ
ফোন নং- ০২৫৮৮৮-৩৪৩২৬
মোবাইল নং- ০১৭৩৩-৩৩৫০৪০
Email: unobelkuchi@mopa.gov.bd

CamScanner

নম্বর-০৫.৪৩.৮৮১১.০০১.৩৯.০০৯.২৬-৩৭১/১(১২)

তারিখি ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ ।
৪। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ ।
৫। উপজেলা --------------------------- অফিসার (সকল) বেলকুচি, সিরাজগঞ্জ ।
৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বেলকুচি, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোড করে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। প্যানেল চেয়ারম্যান, ০২নং রাজাপুর ইউনিয়ন/প্রশাসক, ০৫ নং ধুকুরিয়াবেড়া ইউনিয়ন পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ। বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের সকল সদস্য/ সদস্যদের মাধ্যমে/ পরিষদের নোটিশ বোর্ডে/ মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা, রাজাপুর ইউনিয়ন/ধুকুরিয়াবেড়া ইউনিয়ন পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ---------------------------ভূমি অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। নোটিশ বোর্ড

০১.০৩.২৬

উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ

CamScanner